

## ক্রিকেট কখন



কার্টুন : মোরশেদ মিত্ত

### ● ইকবাল খন্দকার

ক্ষেত্রবিশেষে অনেক শব্দের অর্থই ভিন্ন হয়। 'ক্রিকেট'-এর কথাই ধরা যাক। যদি প্রশ্ন করা হয় ক্রিকেট শব্দটার অর্থ কী, জানি সবাই একযোগে উত্তর দেবেন- ঝিঝি। হ্যাঁ, ক্রিকেট অর্থ অবশ্যই ঝিঝি। তবে এই অর্থটা আমাদের জন্য প্রযোজ্য নয়। যেহেতু ক্ষেত্রবিশেষে শব্দের অর্থ ভিন্ন হয়, সেই হিসেবে আমাদের ক্ষেত্রে 'ক্রিকেট'-এর অর্থ হতে পারে ঝিঝি। এই ঝিঝি কোন ঝিঝি জানেন? অনেকক্ষণ এক জায়গায় বসে থাকলে হাতে পায়ে এক ধরনের বিমবিম ভাব হয় না? সেই ঝিঝি। আসলে আজকাল ক্রিকেটের নাম শুনেই আমাদের শরীরে বিমবিম্যানি শুরু হয়ে যায় তো!

সেদিন একজন বলল- একটা ক্রিকেট ম্যাচে কয়টা উইকেট থাকে? উত্তর দিলাম- এগারটা। লোকটা বলল- অন্যান্য টিমের উইকেট এগারটা থাকলেও আমাদের উইকেট ষোল কোটি। অর্থাৎ দেশের প্রতিটি মানুষই এক একটি উইকেট। লোকটার কথা শুনে ধরেই নিলাম সে আমাদের ক্রিকেট নিয়ে গর্ব করছে। কিন্তু তার ব্যাখ্যা শুনে হাঁ হয়ে গেলাম। সে বলল, উইকেট মানে কী জানেন? 'উই' মানে আমরা, 'কেট' অর্থাৎ 'ক্যাট' মানে বিলাই। উইকেট মানে আমরা বিলাই। আমাদের ক্রিকেটররা যখন গোহারা হারে, যখন হোয়াইটওয়াশ হয়, তখন লজ্জায় দেশের ষোল কোটি মানুষের 'উইকেট' হওয়া ছাড়া উপায় থাকে না। আমার ভার্টিসিট জীবনের এক বন্ধু সেদিন বলল, সীমান্তে নজরদারি বাড়ানো দরকার। নইলে দিনদিন আমরা কেবল ক্ষতিগ্রস্তই হতে থাকব। বন্ধুর কথা শুনে ভাবলাম সে বুঝি সীমান্তের চোরাচালান, মাদকচালান

ইত্যাদির কথা বলছে। কিন্তু তার ভাষা ছিল এমন- আগে বলা হতো বাঘ শিকার বন্ধ করার জন্য। এখন আর কেউ বাঘ শিকার করে না। তাই সেদিক থেকে রক্ষা। কিন্তু যেহেতু বাংলাদেশ টিমের টাইগাররা রয়েল বেঙ্গল টাইগারদের ইজ্জত-সম্মানের বারোটা বাজাচ্ছে, তাই আমি আশঙ্কা করছি সুন্দরবনের বাঘেরা লজ্জায়-অপমানে সীমান্ত এলাকা দিয়ে পার্শ্ববর্তী দেশে পালিয়ে যাবে। বাঘদের এই পালিয়ে যাওয়া রোধ করতে সীমান্তের নজরদারি বাড়ানোর কোনো বিকল্প নেই।

গতকাল আমার এক প্রতিবেশী বলল, বাংলাদেশ ক্রিকেট টিমের পরাজয় ঠেকাতে আমাদের উচিত বেশি বেশি গাছ লাগানো। তার কথা শুনে উপস্থিত সবাই সর্বোচ্চ অবাক হলো। প্রতিবেশী পায়ের ওপর পা তুলে বসতে বসতে বলল, গাছ না থাকলে কী হয়? পরিবেশের ভারসাম্য নষ্ট হয়। আর পরিবেশের ভারসাম্য নষ্ট হলে কী হয়? বৃষ্টি-বাদল হয় না। আর এ জন্যই আমাদের উচিত বেশি বেশি গাছ লাগানো। বেশি বেশি গাছ লাগালে বেশি বেশি বৃষ্টি হবে। আর বেশি বেশি বৃষ্টি হলে বৃষ্টির কবলে পড়ে ক্রিকেট ম্যাচগুলো ড্র হবে। ড্র হলে অন্তত পরাজয়ের লজ্জা থেকে তো বাঁচা যাবে! অনেকেই বলছেন দলে সাকিব নেই, তাই আমরা গোহারা হারছি। কথা সত্য। তবে এটাও সত্য, এর আগেও যখন লাগাতার হেরেছি, তখন কিন্তু সাকিব দলে ছিল। তার মানে হারার মূল কারণ সাকিব নয়। কারণ অন্য। সেই অন্য কারণটা কী? নাহ, এত জটিল প্রশ্নের উত্তর আমাদের জানা নেই। তবে সহজ একটা উত্তর সেদিন একজনের মুখে শুনলাম। তার ভাষা, বাংলাদেশ দলের হারার একমাত্র কারণ, জিততে না পারা। ■

আশ্চর্যজনক হলেও সত্য

'আশ্চর্যজনক হলেও সত্য, দিনদিন মাছি বাড়ছে ছাড়া কমছে না। অথচ মাছিমাঝি কেরানিরা রোজই মাছি মেরে যাচ্ছে।'



'আশ্চর্যজনক হলেও সত্য, এখনো আমাদেরকে বাজার থেকেই তাল কিনতে হচ্ছে। অথচ দেশে তিল-কে তাল বানানোর লোকের অভাব নেই।'



## যেসব কথা বলা ঠিক হবে না

১. আপনি ফুটপাত দিয়ে হেঁটে যাচ্ছেন। গাড়ি আছে, এমন কেউ আপনার পাশে গাড়ি থামিয়ে বলল- চলুন আপনাকে লিফট দিই। আপনার তখন এমনটা বলা ঠিক হবে না- আমার লিফট লাগবে না। আমার বাসা নিচতলায় তো! লিফট দরকার হয় না।
২. অফিস বা বাড়ির গেটে 'ইন' 'আউট' এসব কথা লেখা থাকতেই পারে। এসব লেখা দিয়ে বোঝানো হয় কোন রাস্তা দিয়ে আপনাকে ঢুকতে হবে, কোনটা দিয়ে বের হতে হবে। তাই 'ইন' লেখাটা দেখে আপনার এমনটা বলা ঠিক হবে না- যতই বলেন, আমি ইন করব না। কারণ আমার প্যান্টের কোমর বেশ ঢিলা। ইন করলে মানায় না।